গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা
www.masscommunication.gov.bd

নং- ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/ ১২২০৮ তারিখ: ২২.০৯.২০২০

বিষয় : **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত সেপ্টেম্বর-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে সেপ্টেম্বর-২০২০ (১ম পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী : জনমত প্রতিবেদন এক প্রস্থ।

২২.০৯.২০
(আকতার হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : ৮৩০০৬৪০
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ:

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (জনমত প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

- **জনমত শিরোনাম**

— করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ

— নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান ভোক্তাসাধারণের

— পর্যটন শিল্পের ব্যাপক উন্নয়নের আশাবাদ ব্যক্ত করেছে দেশের উপকূলীয় এলাকার সাধারণ জনগণ

— সাধারণ জনগণ ডিজিটাল বাংলাদেশের সুযোগ-সুবিধা ভোগ করছেন

— সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

## ☐ করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ।

● করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের যথোচিত পদক্ষেপ এবং ব্যাপক প্রচারের কারণে সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক হ্রাস পেয়েছে এবং স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। জনসাধারণ সামাজিক দূরত্ব বজায় রাখছে এবং ঘরের বাহিরে মাস্ক পরিধান করে তাদের দৈনন্দিন কাজকর্ম সম্পন্ন করছে। করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিভাগ, স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী এবং তথ্য অফিসসমূহ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

## ☐ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান ভোক্তাসাধারণের

● সরবরাহ কম থাকায় বাজারে আলু, কাচামরিচ ও পিঁয়াজের দাম বৃদ্ধি পেয়েছে বলে জনমতে জানা যায়। চালের দাম একটু বৃদ্ধি পেয়েছে। তবে অনেক পাইকারী চাল ব্যবসায়ী এর জন্য কৃত্রিম সংকট সৃষ্টিকারীদের দায়ী করেছেন। সরকারের ওএমএস কার্যক্রম চালু থাকায় সাধারণ মানুষ সরকারকে ধন্যবাদ জানিয়েছেন। প্রয়োজনীয় নিত্যপণ্যের দাম জনসাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার জন্য সাধারণ জনগণ সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

## ☐ পর্যটন শিল্পের ব্যাপক উন্নয়নের আশাবাদ ব্যক্ত করেছে দেশের উপকূলীয় এলাকার সাধারণ জনগণ।

● কক্সবাজার, নোয়াখালীসহ দেশের বিভিন্ন উপকূলীয় এলাকা শিল্প সম্ভাবনাময় হিসেবে দেশের অর্থনৈতিক উন্নয়নে আরো একটি উদ্যোগ হতে পারে। বিদ্যুৎ, পানীয় জল, অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করা গেলে নোয়াখালী জেলার নিঝুম দ্বীপ, চর ক্লাক, সন্দ্বীপ চ্যানেল, কোম্পানীগঞ্জের মুছাপুরসহ বিশাল অঞ্চল জুড়ে পর্যটন শিল্পের বিকাশ ঘটানো সম্ভব। ইপিজেড, নৌ বন্দর, সুবর্ণচর পর্যন্ত রেলপথ সম্প্রসারণ ও নির্মাণ করে স্থল ও নৌ পথে বহুমুখী বাণিজ্য প্রসারের মাধ্যমে নোয়াখালী জেলা একটি আকর্ষণীয় পর্যটন কেন্দ্র ও ব্যবসা-বাণিজ্যের প্রাণকেন্দ্র হিসেবে জেলার ব্যাপক উন্নয়ন করতে নোয়াখালী জেলাবাসী আশাবাদ ব্যক্ত করেছে।

চলমান পাতা - ৩

## ☐ সাধারণ জনগণ ডিজিটাল বাংলাদেশের সুযোগ-সুবিধা ভোগ করছেন

- সাধারণ জনগণ ডিজিটাল বাংলাদেশের সুযোগ-সুবিধা ভোগ করছেন। দেশের বিভিন্ন ইউনিয়ন পর্যায়ে অপটিক্যাল ফাইবার স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ই-কমার্স, মোবাইল ব্যাংকিং, ই-ক্যাশ, ই-শপিং, মাল্টিমিডিয়া ক্লাশ রুম, ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসেই জনগণ নানা রকম ডিজিটাল সেবা ভোগ করছেন বলে জনমতে জানা যায়।

## ☐ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

- দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। এছাড়া জঙ্গিবাদ ও সন্ত্রাস দমন, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং সহিংসতা ও নাশকতা প্রতিরোধের লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিতভাবে কাজ করে যাচ্ছে। তাছাড়া সীমান্তবর্তী এলাকায় মাদকদ্রব্যের চোরাচালান বন্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতা অব্যাহত রাখা প্রয়োজন বলে জনগণ অভিমত প্রকাশ করেছে।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/ প্রতিমা

আকতার হোসেন
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়